

ভোক্তা কাক্স

172

9

বদরগঞ্জে মাদ্রাসা সুপারের বিরুদ্ধে বলাৎকারের অভিযোগ, খেণ্ডার

পরিমল মজুমদার, রংপুর থেকে : রংপুরের বদরগঞ্জ উপজেলার এক মাদ্রাসা সুপারের বিরুদ্ধে ২০ ছাত্রকে বলাৎকারের অভিযোগ উঠেছে। সুপারের এই বলাৎকার আতঙ্কে ইতিমধ্যেই মাদ্রাসাটি ছাত্রশূন্য হয়ে পড়েছে। অভিযুক্ত সুপার আবু তালেবকে মাদ্রাসা পরিচালনা পরিষদের আহূত সভায় হাজির হতে বলা হলে গতকাল পুলিশ তাকে খেণ্ডার করে। এরপর স্থানীয় শতশত মানুষ এ সুপারের শাস্তির দাবিতে ধানা ঘেরাও করে। এ অবস্থায় সেখানে অভিভাবক ও ছাত্রদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। ন্যাকারজনক এ ঘটনা ঘটেছে বদরগঞ্জ উপজেলার দামোদরপুর ইউনিয়নের আমরুলবাড়ি পলিপাড়া হাফেজিয়া মাদ্রাসায়।

প্রাপ্ত অভিযোগে জানা গেছে, ওই এলাকার চটকুপাড়া গ্রামের জয়নাল মিয়া বেশ কিছুদিন থেকে খেণ্ডার করেন তার ছেলে জয়নাল মাদ্রাসায় যাওয়া বন্ধ করে দেয়। জয়নাল মিয়া তার ছেলের কাছে মাদ্রাসায় না যাওয়ার কারণ জানতে চাইলে সে কান্নায় ভেঙে পড়ে। এক পর্যায়ে ওই ছাত্র তার মায়ের কাছে মাদ্রাসা সুপার আবু তালেবের অপকর্মের কথা খুলে বলে। পরে এ বিষয়টি জানাজানি হলে একে একে আরো ২০ ছাত্রের বলাৎকারের কাহিনী বেরিয়ে পড়ে। অভিভাবকরা সুপারের বিচার চেয়ে মাদ্রাসা পরিচালনা পরিষদের কাছে লিখিত অভিযোগ দায়ের করেন। পরিচালনা পরিষদের সম্পাদক মোতাহার হোসেন ঘটনার সত্যতা স্বীকার করেন। তিনি জানান, স্থানীয় ইউপি চেয়ারম্যান আব্দুর রহমান অভিযুক্ত সুপার আবু তালেবকে গত ২১ মার্চ ইউনিয়ন পরিষদে হাজির হতে নির্দেশ দিয়েছিলেন। কিন্তু তিনি হাজির না হলে গতকাল সন্ধ্যায় তাকে পুলিশ খেণ্ডার করে। জানা গেছে, মাদ্রাসাটিতে ইতিপূর্বে ৭২ জন নিয়মিত ছাত্র ছিল। বর্তমানে এ ঘটনার পরিপ্রেক্ষিতে ১২ জনে এসে দাঁড়িয়েছে।

এলাকাবাসী জানান, সুপার আবু তালেবের বাড়ি একই ইউনিয়নের শেখেরহাট তেলীপাড়া গ্রামে। তিনি বেশ কিছুদিন থেকে আমরুল বাড়ি পঞ্চায়েত পাড়ায় আনোয়ার হোসেনের ঘরজামাতা হিসেবে বসবাস করছেন এবং ওই মাদ্রাসার সুপারের পদে চাকরি ছাড়াও বিভিন্ন মসজিদে ইমামতিও করেন। এ ঘটনার পর এলাকার ধর্মপ্রাণ মুসলিমদের চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে। তারা সুপারের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।